



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজী  
খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/১৭৭৫

তারিখঃ ০১/০৬/২০২২

**ভর্তি বিজ্ঞপ্তি**

**মাস্টার্স ইন এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজী ও পিজিডি (ইপিটি) প্রোগ্রাম**

ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজী (আইইপিটি) তে ২০২২ শিক্ষাবর্ষের জুলাই সেমিস্টারে এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং (ইপিটি) ও পিজিডি (ইপিটি) প্রোগ্রামে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। আবেদনের যোগ্যতাঃ

এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং (ইপিটি) ও পিজিডি (ইপিটি) প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং-এ বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রীসহ কমপক্ষে CGPA 2.75 (Out of 4.00) এবং এস.এস.সি ও এইচ.এস.সি তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে।

২। আবেদন ফরম সংগ্রহ ও জমা দেয়ার নিয়মঃ

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.kuet.ac.bd/pgadmission](http://www.kuet.ac.bd/pgadmission)) হতে ২(দুই) পৃষ্ঠা সম্বলিত আবেদন ফরম ও ২(দুই) কপি Recommendation Letter এবং Statement from the Employer ফরম (চাকুরীরত প্রার্থীদের জন্য) ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদনপত্রটি ডাকযোগে “রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” বরাবর পাঠাতে হবে অথবা সরাসরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখায় (পোস্ট গ্রাজুয়েট) জমা দেয়া যাবে। ডাক বিভাগের বিলম্বের কারণে কোন আবেদনপত্র নির্ধারিত সময়ের পরে পৌঁছালে তা গৃহীত হবে না।

ক) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি।

খ) “রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” বরাবর জনতা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখা, খুলনা এর উপর ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট অথবা জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখা, খুলনা এর অনলাইন হিসাব নাম “ভিসি, কুয়েট” হিসাব নং ০১০০০১৮৯৬১৮৫১ এ ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে জমা রশিদ এর মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অনলাইনে টাকা জমা দেয়ার ক্ষেত্রে টাকা জমা দেওয়ার রশিদের উপর অবশ্যই “পোস্ট গ্রাজুয়েট ভর্তি” কথাটি উল্লেখ করতে হবে।

গ) আবেদনপত্রের ২য় পৃষ্ঠায় ২(দুই) জন Referee এর নিকট থেকে Recommendation Letter পূরণপূর্বক আবেদনপত্রের সাথে দিতে হবে। ২(দুই) জন Referee এর Recommendation Letter এর মধ্যে একজন অবশ্যই প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক পূরণ করতে হবে।

ঘ) চাকুরীরত প্রার্থীগণকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে লিখিত অনুমতিপত্র অথবা Statement from the Employer ফরমটি নিয়োগকারী কর্তৃপক্ষের স্বাক্ষরসহ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। আবেদনের ফরম পূরণের নিয়মঃ

আবেদন ফরমের ২য় পৃষ্ঠায় ২(দুই) জন Referee এর নাম, পদবী, ঠিকানা ও মোবাইল নং লিখতে হবে, যার মধ্যে একজনকে অবশ্যই প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক হতে হবে। ২ (দুই) কপি Recommendation Letter উক্ত ২(দুই) জন ব্যক্তি কর্তৃক পূরণকৃত ও সীলসহ স্বাক্ষরিত হতে হবে। প্রার্থীকে আবেদন ফরমে উল্লেখিত প্রোগ্রাম এবং স্টুডেন্ট টাইপ (পূর্ণকালীন/খন্ডকালীন) স্থানে টিক (✓) চিহ্ন দিতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত সময় সূচীঃ

ক)	আবেদন ফরম জমা নেয়া শুরু তারিখ ও সময়	০৫/০৬/২০২২ইং, রবিবার, সকাল ৯টা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত।
	আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ ও সময়	১৬/০৬/২০২২ইং, বৃহস্পতিবার, বিকাল ৫টা পর্যন্ত।
খ)	যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	২১/০৬/২০২২ইং, মঙ্গলবার।
গ)	ভর্তির পরীক্ষার তারিখ ও সময়	২৩/০৬/২০২২ইং, বৃহস্পতিবার, সকাল ১০.০০ টায়।
ঘ)	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	২৬/০৬/২০২২ইং, রবিবার।

৫। শুধুমাত্র পূর্ণকালীন ছাত্র/ছাত্রীগণ নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Fellowship/Teaching Assistantship) এর জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে প্রার্থীকে ভর্তির পর পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।

৬। ভর্তি পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্রের মূলকপিসহ হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ বা ডিএ প্রদান করা হবে না।

৭। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং আবেদনপত্রে বিবরণ ভুল প্রমাণিত হলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। ভর্তি সংক্রান্ত সকল তথ্যের জন্য জনাব মাহমুদুল হাসান, প্রভাষক (আইইপিটি) এর সাথে অফিস চলাকালীন (সকাল ৯টা হতে বিকাল ৫ টা পর্যন্ত) সময়ের মধ্যে ইমেইল ([mhasan@iept.kuet.ac.bd](mailto:mhasan@iept.kuet.ac.bd)) অথবা টেলিফোনের মাধ্যমে +৮৮০২৪৭৭৭৩৩৩৫১-৭০, Ext.-৮২৮১ নম্বরে ফোন করে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.kuet.ac.bd/pgadmission](http://www.kuet.ac.bd/pgadmission)) হতে জানা যাবে।

স্বাক্ষরিত/-

০১/০৬/২০২২

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়